

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.০১৬.২২.২২৬৬

তারিখ: ২৮ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: স্পেশাল সমিতির সদস্যদের ৬০ দিন মেয়াদী ও ৩০ দিন মেয়াদী প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত সুফলভোগী সদস্যদের তালিকা প্রেরণ।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় উপজেলাসমূহে গঠিত স্পেশাল সমিতির সদস্যদের আত্ম-কর্মসংস্থান ও উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে অনুমোদিত আরডিপিপিতে ৬০ দিন মেয়াদী ও ৩০ দিন মেয়াদী আবাসিক প্রশিক্ষণের সংস্থান রয়েছে। ৬০ দিন মেয়াদী প্রশিক্ষণের মধ্যে টেইলারিং ও ডেস মেকিং, ব্লক বাটিক, বিউটিফিকেশন, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, মোবাইল সার্ভিসিং, কম্পিউটার বেসিক ও ফ্রি ল্যান্সিং, হস্ত শিল্প, মা ও শিশুর প্রাথমিক স্বাস্থ্য সেবা এবং ৩০ দিন মেয়াদী প্রশিক্ষণের মধ্যে সেলাই ও এমব্রয়ডারী, মোবাইল রিপেয়ারিং এন্ড সার্ভিসিং, বেসিক কম্পিউটার প্রশিক্ষণ, হস্ত ও কুটির শিল্প, ব্লক বাটিক, সতরঞ্জি, ব্যাগ তৈরি, জামদানি ও অন্যান্য বিষয়ের সুযোগ রয়েছে। প্রশিক্ষণসমূহ বাপার্ড/টিটিসি/এনএসডি কর্তৃক অনুমোদিত অন্যান্য যে কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে আয়োজন করা হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত ছকে স্পেশাল সমিতির আগ্রহী সুফলভোগী সদস্যদের তালিকা জরুরি ভিত্তিতে আগামী ০৪/০৯/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ছক

ক্র. নং	জেলার নাম	উপজেলার নাম	স্পেশাল সমিতির নাম ও কোড নং	আগ্রহী সদস্যের নাম ও আইডি নং	ট্রেডের নাম	প্রশিক্ষণের মেয়াদ	বয়স (এনআইডি অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা	মোবাইল নম্বর

প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিক বিষয়সমূহ:

- স্পেশাল সমিতির সদস্যদের মধ্য হতে তালিকা প্রেরণ করতে হবে।
- সদস্যদের বয়স ৫০ বছরের নিচে এবং ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণি পাশ হতে হবে। তবে ৬০ দিন মেয়াদী প্রশিক্ষণের ক্ষেত্রে সদস্যদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি পাশ হতে হবে।
- ইতোপূর্বে যাদের ৩০ দিন মেয়াদী সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তাদের প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন প্রদান করা যাবে না।
- একজন সদস্য কেবলমাত্র একটি ট্রেডে প্রশিক্ষণ প্রদানের সুযোগ রয়েছে।
- প্রশিক্ষণসমূহ আবাসিক বিধায় প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে ৫ বছরের ছোট বাচ্চা আছে কিনা সে বিষয়ে সতর্ক থাকতে হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৪১০১০৩৪১

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
বিআরডিবি, উপজেলা.....(প্রকল্পভুক্ত সকল উপজেলা)।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- উপপরিচালক, বিআরডিবি, জেলা: (প্রকল্পভুক্ত সকল জেলা)।
- মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: (সকল উপজেলা)।
- অফিস নথি।